মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।

মেহেরপুর পৌরসভার মেয়র, কাউন্সিলর ও শহর সমন্বয় কমিটির (টিএলসিসি) সদস্য বৃন্দের উপস্থিতিতে অনুষ্ঠিত শহর সমন্বয় কমিটির এক জরুরী সভা অনুষ্ঠিত হয়, উহার কার্য বিবরনীঃ

সভাপতি	ঃ	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন মেয়র, মেহেরপুর পৌরসভা।
তারিখ	ঃ	১৯ মার্চ-২০২০খ্রিঃ
সময়	ঃ	বেলা ১২.০০ ঘটিকা
স্থান	ঃ	পৌর কালাচাঁদ সভাকক্ষ
উপস্থিতি	ঃ	পরিশিষ্ট "ক" (স্বাক্ষরের ক্রমানুসারে)।

সভাপতি সভায় প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাকে অবগত করান যে, মেহেপুর পৌরসভায় তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) (UGIIP-III) প্রকল্পের চলমান প্রকল্পের কাজের গুনগত মান খারাপ হচ্ছে এবং পুরাতন রড দিয়ে ঢালাই কাজ সম্পাদন করা হচ্ছে মর্মে অভিযোগ করে উক্ত প্রকল্পের প্রকল্প পরিচালক মহোদয়কে মুঠোফোনে মেহেরপুরের এক কুচক্রী মহল পৌর উন্নয়নকে বাধাগ্রস্থ করার জন্য অপচেষ্টা অব্যাহত রেখেছে। তিনি এ প্রসঙ্গে আরো উল্লেখ করেন যে, উক্ত প্রকল্পের কাজের গুনগতমান যাচাই এর জন্য সরজমিনে স্থানীয় সরকার বিভাগের যুগ্যসচিব, নির্বাহী প্রকৌশলী এলজিইডি, স্থানীয় সরকার মেহেরপুর এর উপ-পরিচালক এর সমন্বয়ে গঠিত তদন্ত কমিটি মেহেরপুর পৌরসভার চলমান প্রকল্পের কাজ পরিদর্শন পূর্বক মালামালের নমুনা ল্যাবরেটরীতে পরীক্ষাকালে প্রতিয়মান হয়েছে যে, মেহেরপুর পৌরসভার তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্পের আওতায় চলমান প্রকল্পের কাজের গুনগত মান সন্তোষজনক। দ্বিতীয় পর্যায়ে এলজিইডির কেন্দ্রীয় মান নিয়ন্ত্রন ইউনিটের তত্বাবধায়ক প্রকৌশলী, সহকারী প্রকৌশলীকে সাথে নিয়ে UGIIP-III প্রকল্পের পরিচালক সহ কুষ্টিয়া অঞ্চলের তত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী এবং স্থানীয় এলজিইডির ল্যাব টেকনিশিয়ান সহ সরজমিনে চলমান প্রকল্পের কাজ পরিদর্শন সহ নমুনা সংগ্রহ করে কেন্দ্রীয় ল্যাবরেটরী ঢাকা এলজিইডিতে পরীক্ষা করে কাজের গুনগতমান সন্তোষজনক মর্মে প্রতিবেদন দাখিল করেন। একের পর এক মেহেরপুর পৌরসভার চলমান প্রকল্পের কাজের গুনগত মান খারাপ হচ্ছে মর্মে অভিযোগ করে নানাভাবে পৌরসভার উন্নয়ন বন্ধের অশুভ চক্রান্তকে চিহ্নিত করে তাদের ব্যাপারে আপনারা সচেতন ও সম্মানীত পৌরবাসী হিসাবে আপনাদেরকে এ বিষয়টি আমি বিশেষভাবে অবগত করাচ্ছি। আপনারা মেহেরপুর পৌরসভার চলমান প্রকল্পের কাজ সরজমিনে পরিদর্শন করেছেন সেহেতু আপনারা পৌরসভার চলমান প্রকল্পের কাজের গুনগত মান খারাপ না ভাল সে ব্যাপারে অভিমত ব্যক্ত করে উন্মুক্ত আলোচনার জন্য সকলের প্রতি উদাত্ত আহবান জানান।

১। জনাব নুরুল আশরাফ রাজীব সভাকে অবগত করান যে, মেহেরপুর UGIIP-III প্রকল্পের আওতায় চলমান প্রকল্পের কাজের গুনগতমান সম্পর্কে অভিমত ব্যক্ত করেন যে, মেহেরপুর পৌরসভার চলমান প্রকল্পে ৬০ গ্রেডের রড ও opc মানের সিমেন্ট ব্যবহারের নির্দেশনা দেন এবং সে মোতাবেক পৌরসভার প্রকল্পের কাজ সম্পাদন করা হচ্ছে। মেহেরপুর পৌরসভার UGIIP-III চলমান প্রকল্পে কাজের গুনগত মান নিয়ে যে অভিযোগ করা হয়েছে সেটা উদ্দেশ্য প্রনোদিত , ভিত্তিহীন ও রাজনৈতিক প্রতিহিংসার কারণে করা হয়েছে মর্মে মতামত ব্যক্ত করেন।

২। জনাব মোঃ নুরুল আহমেদ, পিয়াদাপাড়া, মেহেরপুর ও সদস্য শহর সমন্বয় কমিটি সভাকে অবগত করান যে, মেহেরপুর পৌরসভাকে নিয়ে আমরা মেহেরপুর বাসী গর্ভবোধ করি। আমরা কোন ক্রমেই চাইবোনা যে, মেহেরপুর পৌরসভার চলমান প্রকল্পের কাজে কোনরকম দুনীতি হোক। মেহেরপুর পৌরসভার মেয়র, খুবই পরিশ্রমী কর্মঠ ও ন্যায়পরায়ন, তার যোগ্য নেতৃত্বে পৌর পরিষদকে নিয়ে পৌরসভার যে উন্নয়ন কাজ বাস্তবায়িত হচ্ছে তার গুনগত মান খুবই ভাল হচ্ছে মর্মে সভায় অভিমত ব্যক্ত করেন। তিনি মুজিব শতবর্ষে মেহেরপুর পৌরসভায় UGIIP-III প্রকল্পের কাজ ইতোমধ্যে গঠিত তদন্ত কমিটি কর্তৃক সরজমিনে কয়েকবার পরিদর্শন করে নমুনা পরিক্ষাগারে পরিক্ষান্তে প্রতিবেদন ভালো থাকায় তিনি আলোচনায় সন্তোষ প্রকাশ করেন এবং মেহেরপুর পৌরসভায় এই প্রকল্পের কার্যক্রম অব্যহত রাখার ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ জানান।

৩। জনাব নুরুল ইসলাম, সদস্য, শহর সমন্বয় কমিটি সভাকে অবগত করান যে, আমি নিজ চোখে শহর সমন্বয় কমিটির একজন সদস্য ও পৌরসভার সচেতন নাগরিক হিসাবে পৌরসভার চলমান উন্নয়ন প্রকল্পের কাজের সময় আমি দেখেছি যে, রাস্তা ও ড্রেনের কাজের রড, ইট, বালি, বিটুমিন ও পাথর সহ সকল উপকরণ হিসাবে যা ব্যবহার করা হয়েছে তা যথাযথভাবে করা হয়েছে এবং সকল পৌরসভার চলমান উন্নয়ন কাজের গুনগত মান খুবই ভাল হয়েছে মর্মে মতামত ব্যক্ত করেন।

৪। জনাব মোছাঃ চায়না পারভীন উপ-সহকারী কৃষি কর্মকর্তা ও সদস্য শহর সমন্বয় কমিটি সভাকে অবগত করান যে, মেহেরপুর পৌরসভার শহর সমন্বয় কমিটির সদস্য হিসাবে মেহেরপুর পৌরসভার চলমান উন্নয়ন প্রকল্পের কাজের গুনগতমান সম্পর্কে বলছি যে, মেহেরপুর একটি ছোট জেলা। মেহেরপুর পৌরসভার অবস্থান জেলা সদরে অবস্থিত হওয়ায় এর প্রত্যেকটি রাস্তার কাজ খুবই ভালভাবে হচ্ছে। তিনি উল্লেখ করেন যে, পৌসভার সকল নির্মান কাজ হয় দিনের বেলায় আর সিমেন্ট, রড কাজের সাইটে ফেলা থাকে যাতে সাধারণ মানুষ কাজের সকল উপকরণ স্বচক্ষে প্রত্যক্ষ করেন। মেহেরপুর পৌরসভার চলমান উন্নয়ন প্রকল্পের গুনগতমান যাচাই করার জন্য একাধিক তদন্ত টীম পৌরসভায় পরিদর্শনে এসে কাজের নমুনা সংগ্রহ করে পরিক্ষাগারে পরীক্ষান্তে প্রতিবেদন ভাল মর্মে রিপোর্ট দাখিল করায় তিনি অত্র সভায় সন্তোষ প্রকাশ করে বলেন যে, মেহেরপুর পৌরসভার চলমান উন্নয়ন প্রকল্পের কাজের গুনগতমান ভাল বলে অভিমত ব্যক্ত করেন।

৫। জনাব মোঃ জাফর ইকবাল, কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, ও সদস্য, শহর সমন্বয় কমিটি সভাকে অবগত করান যে, মেহেরপুর পৌরসভার সুনাম হলে ভাললাগে পক্ষান্তরে মেহেরপুর পৌরসভার দুর্নাম হলে খারাপ লাগে। মেয়র মহোদয়ের যোগ্য নেতৃত্বে মেহেরপুর পৌরসভার উন্নয়নের ধারা এগিয়ে যাচ্ছে। মেয়র মহোদয় ব্যক্তিস্বার্থ না দেখে পৌরবাসীর সামগ্রিক উন্নয়নে অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছে। মেহেরপুর পৌরবাসীর নাগরিক কল্যানের কথা বিবেচনা করে মেয়র মহোদয়কে পৌর পরিষদকে সাথে নিয়ে পৌর উন্নয়ন অব্যাহত রাখতে অনুরোধ জানান এবং UGIIP-III চলমান প্রকল্পের কাজের মান সন্তোষজনক বলে সভাকে ব্যক্ত করেন।

৬। জনাব মোঃ শওকত হোসেন, কালাচাঁদপুর, ০৪ নং ওয়ার্ড ও সদস্য, শহর সমন্বয় কমিটি সভাকে অবগত করান যে, ২৫ এপ্রিল ২০১৭ সালে একটি শুষ্ঠ নির্বাচনের মাধ্যমে মেয়র, জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন, মেহেরপুর পৌরসভার মেয়র এর দায়িত্বভার গ্রহন করেছেন। মেহেরপুর পৌরসভার যে উন্নয়ন কাজ হয়েছে তা খুবই মজবুত ও টেকসই। মেহেরপুর পৌরসভা

কর্তৃক বড় বাজার মোড় হতে টিএনটি, বড় বাজার মোড় হতে কাথুলী সড়কের শেষ প্রান্ত পর্যন্ত যে ড্রেনসহ রাস্তা নির্মান কাজ হচ্ছে বিগত ৫০ বছরও ওই ধরনের কোন কাজ হয়নি। পরিশেষে তিনি বলেন যে, মেহেরপুর পৌরসভার উন্নয়ন যেন বাধাগ্রস্থ না হয় তার জন্য যা যা করনীয় তা করতে এবং প্রয়োজনে শহর সমন্বয় কমিটির সকল সদস্যের সার্বিক সহযোগীতা গ্রহনের জন্য অনুরোধ জানান।

৭। জনাব মোঃ আল মামুন, কাউন্সিলর, ০২ নং ওয়ার্ড ও সদস্য শহর সমন্বয় কমিটি সভাকে অবগত করান যে, মেহেরপুর পৌরসভার চলমান উন্নয়ন প্রকল্পের কাজের গুনগতমান এর বিষয়ে বলেন পৌর উন্নয়নকে বাধাগ্রস্থ করার জন্য যারা জড়িত তাদেরকে চিহ্নিত করতে হবে। মেহেরপুর পৌরসভার উন্নয়নে যারা বাধাগ্রস্থ করবে তাদের মুখোশ উম্মোচন করে প্রয়োজনে মেহেরপুর বাসীকে সাথে নিয়ে জনসভা করে এ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মেয়র মহোদয়কে অনুরোধ জানানা।

৮। জনাব রোকসানা পারভিন রুনু, সদস্য, শহর সমন্বয় কমিটি সভাকে অবগত করান যে, মেহেরপুর পৌরসভার চলমান প্রকল্পের যে কাজ বাস্তবায়িত হচ্ছে তার গুনগতমান খোজ নিয়ে জেনেছি যে, রাস্তা ও ড্রেনের কাজ খুবই ভাল হচ্ছে। মেহেরপুর পৌরসভা কর্তৃক মহিলা কলেজ ও সরকারী উচ্চ বিদ্যালয়ে সম্মুখে রাস্তার উপর গতিরোধক নির্মানের কাজ হয়েছে দেখে আমি খুশি হয়েছি। মেহেরপুর পৌরসভার কাজ দেখে আমি মাঝখানে একটি বিশেষ কাজে কুমিল্লা গিয়েছিলাম কিন্তু কুমিল্লা বড় শহর হলেও কমিল্লা জেলার রাস্তাগুলো খুবই খারাপ এবং চলাচলের অনুপোযগী। সে তুলনায় মেহেরপুর পৌরসভার চলমান উন্নয়ন প্রকল্পের কাজের গুনগত মান খুবই ভাল বলে অভিমত ব্যক্ত করেন।

৯। জনাব মোঃ শাহিনুর রহমান, কাউন্সিলর, ০৬ নং ওয়ার্ড ও প্যানেল মেয়র-১, মেহেরপুর পৌরসভা সভাকে অবগত করান যে, অত্র পৌরসভায় UGIIP-III প্রকল্পের আওতায় ০৬ নং ওয়ার্ডের রাস্তা ও ড্রেনের যে সকল কাজ বাস্তবায়ন করা হয়েছে তার গুনগতমান খুবই ভাল। উক্ত প্রকল্পের কাজ সম্পাদন করায় ০৬ নং ওয়ার্ডের পৌরবাসী অভিমত ব্যক্ত করেন যে, মেহেরপুর পৌরসভার জন্মলগ্ন থেকে এত সুন্দর কাজ বাস্তবায়ন করা হয়নি। বিধায় এধরনের কাজের জন্য মেয়র মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করা হয়েছে। তিনি সভাকে আরো অবগত করান যে, অত্র পৌরসভার UGIIP-III প্রকল্পের কাজের গুনগতমান যাচাই এর জন্য সরজমিনে স্থানীয় সরকার বিভাগের যুগ্ম সচিব, নির্বাহী প্রকৌশলী এলজিইডি, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক এর সমন্বয়ে গঠিত তদন্ত কমিটি চলমান প্রকল্পের কাজ পরিদর্শন পূর্বক সর্বশেষ মেহেরপুর পৌর পশুহাটের নিকট নির্মানাধীন ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট এর কাজ পরিদর্শনকালে কাউন্সিলর ও মেয়র মহোদয়ের উপস্থিতিতে স্থানীয় সরকার বিভাগের যুগ্ম সচিব, জনাব শায়লা ফারজানা মহোদয়কে প্রশ্ন করা হলে তিনি হাসি মুখে উত্তর দেন প্রকল্পের কাজের গুনগতমান সন্তোষজনক। পরবর্তীকালে তিনি সর্বশেষ মেহেরপুর সার্কিট হাউজে অবস্থানকালীন সময়ে এবং প্রস্থানের প্রাক্কালে ডিডিএলজি জনাব মোঃ তোফিকুর রহমানকে দিয়ে আমি দেখা করার অনুমতি চাইলে তিনি আমাকে সার্কিট হাউজে দেখা করার অনুমতি দেন। আমার সাথে অত্র পৌরসভার সচিব জনাব মোঃ তফিকুল আলম উপস্থিত ছিলেন। আমি সার্কিট হাউজে তাঁর সাথে আলাপকালে বলি যে, আপনি আপনার পরিদর্শনের বিষয়ে পরিদর্শন বহিতে মতামত দিলে পৌর পরিষদ খুবই খুশি হবে এবং আমাদের কাজের উদ্যম ও স্পৃহা বৃদ্ধি পাবে। তিনি তখন পরিদর্শন বহিতে কাজের গুনগতমান সন্তোষজনক বলে প্রতিবেদন লিখে দেন।

পরিশেষে মেয়র মহোদয় সভায় অবগত করান যে, আপনারা মেহেরপুর পৌরসভার সম্মানীত শহর সমন্বয় কমিটির সদস্য হিসাবে আপনাদের সুচিন্তিত মতামতের ভিত্তিতে প্রকল্প গ্রহন ও বাস্তবায়ন করা হয়। আপনারা এলাকায় বসাবাস করেন এবং সচেতন পৌরবাসী হিসাবে যে এলাকায় কাজ সম্পাদন হোক না কেন আপনারা উন্নয়ন কাজের দেখভাল করবেন এবং তার ফলাফল আমাকে অবগত করবেন। অতপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মাহফুজুর রহমান রিটন)
মেয়র
মেহেরপুর পৌরসভা।
ও
সভাপতি, শহর সমন্বয় কমিটি
তাং-১৯-০৩-২০২০খ্রিঃ।

স্মারক সংখ্যা/মেপৌ/সাধা/২০২০/ ১৩৭(৬০) **তারিখ ঃ ২৩/০৩/২০২০খ্রিঃ।**

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হলো ঃ

১। প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরন (সেক্টর) প্রকল্প এলজিইডি ভবন,(লেভেল-১২)আগারগাঁও শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
২। জনাব...সদস্য(টিএলসিসি)মেহেরপুর পৌরসভা ।
৩। অফিস নথি ।